

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬০২

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/১০৭. পুরুষের ন্যায় স্ত্রীলোকদেরও স্বপ্নদোষ হয়।

بَابِ مَا جَاءَ فِي الْمَرْأَةِ تَرَى فِي مَنَامِهَا مَا يَرَى الرَّجُلُ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَعَلِيُّ بْنُ مُحَمَّد، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، عَنْ عَلِيِّ بْنِ وَيْدِ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ خَوْلَةَ بِنْتِ حَكِيمٍ، أَنَّهَا سَأَلَتْ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَنِ الْمَرْأَةِ تَرَى فِي مَنَامِهَا مَا يَرَى الرَّجُلُ فَقَالَ " لَيْسَ عَلَيْهَا غُسْلٌ حَتَّى تُنْزِلَ كَمَا أَنَّهُ لَيْسَ عَلَيْهَا غُسْلٌ حَتَّى يُنْزِلَ " .

বাংলা

৩/৬০২। খাওলা বিনত হাকীম (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করেন, পুরুষের ন্যায় নারীর স্বপ্পদোষ হলে তিনি বলেনঃ বীর্যপাত না হওয়া পর্যন্ত গোসল করা তার কর্তব্য নয়, যেমন পুরুষের বীর্যপাত না হলে গোসল করতে হয় না।

English

It was narrated from Khawlah bint Hakim that:

She asked the Messenger of Allah about a woman who sees in her dream that which a man sees. He said: "She does not have to take a bath unless she has an orgasm, just as man does not have to take a bath unless he has an orgasm."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: নাসায়ী ১৯৮, আহমাদ ২৬৭৬৭, দারিমী ৭৬২।

তাহকীক আলবানী: হাসান। তাখরীজ আলবানী: সহীহাহ ২১৮৭। উক্ত হাদিসের রাবী আলী বিন যায়দ বিন জুদআন সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ আল কাত্তান বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। আহমাদ বিন হাম্বল ও



ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি নির্ভরযোগ্য নন। ইয়াকুব বিন শায়বাহ বলেন, তিনি সিকাহ সালিহ। আল আজালী বলেন, কোন সমস্যা নেই।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ খাওলা বিনতু হাকীম আস্ সুলামিয়্যাহ্ (রাযিঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন